# Live Written™ Weekly Editorials - 03

বিসিএস, ব্যাংক, ৯ম-১৩তম গ্রেডের চাকরিসহ সকল গুরুত্বপূর্ণ চাকরির পরীক্ষায় অনুবাদ, ফোকাস, Essay, Composition ইত্যাদি থেকে সব সময় প্রশ্ন এসে থাকে। উল্লিখিত বিষয়গুলোতে একদিনে দক্ষতা অর্জন করা সম্ভব নয়। যত বেশি অনুশীলন করা হবে, এই বিষয়গুলোতে তত বেশি দক্ষতা অর্জিত হবে। যেকোনো চাকরির লিখিত পরীক্ষায় এগিয়ে থাকতে বেশি বেশি লেখার অনুশীলনের বিকল্প নেই। পরীক্ষার সময় দ্রুত লিখতে না পারার কারণে অনেক সময় সব প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব হয় না। তাই প্রতিনিয়ত অনুশীলনের মাধ্যমে হাতের লেখার দ্রুততা ও লেখার মানসম্মত উপস্থাপন আয়ত্ত্ব করা উচিত।

Live Written অ্যাপে প্রতি সপ্তাহে পত্রিকায় প্রকাশিত গুরুত্বপূর্ণ ও বিশ্লেষণধর্মী সম্পাদকীয় ও কলাম নিয়ে “Weekly Editorial” PDF আকারে প্রকাশ করা হচ্ছে। এই স্টাডি ম্যাটেরিয়েলস্ এর মাধ্যমে সমসাময়িক জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ ইস্যু সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন।

তাছাড়া একটি পিডিএফ এর উপর প্রতি সপ্তাহে দুইটি করে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতি মাসে বিগত ৪টি পিডিএফের উপর একটি রিভিশন পরীক্ষাসহ মোট ৯টি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই পরীক্ষাগুলোতে অংশগ্রহনের মাধ্যমে একদিকে আপনি যেমন আপনার লেখার গতি বাড়াতে পারবেন, তার পাশাপাশি আমাদের এক্সপার্টদের মাধ্যমে উত্তরপত্র মূল্যায়ন করে লেখার মান যাচাই করতে পারবেন। তাই লেখার গতি বাড়াতে এবং লেখার মান উন্নয়ন ও যাচাইয়ে এই পরীক্ষাগুলোতে অংশগ্রহনের বিকল্প নেই।

❒ **যেসব চাকরির পরীক্ষার প্রস্তুতির জন্য প্রযোজ্য:**

- ✓ বিসিএস লিখিত প্রস্তুতি
- ✓ ব্যাংক লিখিত প্রস্তুতি
- ✓ পেট্রোবাংলা, পাওয়ার সেক্টর লিখিত প্রস্তুতি
- ✓ অন্যান্য চাকরির লিখিত প্রস্তুতি

❒ **Weekly Editorials এর উপরে Live Written অ্যাপে পরীক্ষার টপিকসমূহ:**

1. Translation [Bangla to English]
2. Translation [English to Bangla]
3. Focus Writing in English
4. Focus Writing in Bangla
5. Summary/Precis Writing
6. প্রবন্ধ রচনা/Essay Writing
7. অনুচ্ছেদ/Paragraph
8. রচনামূলক/বিশ্লেষণাত্মক প্রশ্ন/Empirical Question

আশা করি, আমাদের এই কোর্স প্ল্যান, স্টাডি ম্যাটেরিয়েলস্ এবং পরীক্ষাগুলো সকল ধরনের চাকরির লিখিত প্রস্তুতিতে আপনাদের সহায়তা করবে।

**ধন্যবাদান্তে,**
Live Written টিম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

# অনুবাদ ও বিশ্লেষণসহ গুরুত্বপূর্ণ ২টি সম্পাদকীয়

## ১. বাংলাদেশের পোশাক শিল্পের জন্য চ্যালেঞ্জ ও সম্ভাবনা

ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নতুন সামাজিক ও পরিবেশগত নির্দেশিকা বাংলাদেশের পোশাক রফতানিতে বাধা হয়ে দাঁড়াবে নাকি ব্যবসার নতুন দ্বার উন্মোচন করবে, সে বিষয়ে চিন্তার প্রয়োজন আছে। গত ২৪ এপ্রিল ইইউ করপোরেট সাসটেইনেবিলিটি ডিউ ডিলিজেন্স নির্দেশিকা (ইউসিএসডিডিডি) কার্যকর হয়। এ আইন সামাজিক ও পরিবেশগত মানদণ্ডকে ব্যবসায়িক নীতির সঙ্গে সরাসরি সংযুক্ত করে আন্তর্জাতিক বাণিজ্যের নিয়মকে আমূল পরিবর্তন করতে পারে। এ নতুন নিয়মাবলি বিশ্বজুড়ে তীব্র বিতর্কের সূচনা করেছে। এশিয়ায়, বিশেষ করে বাংলাদেশে ব্যবসায়ীরা উদ্বিগ্ন, কারণ কঠোর সামাজিক ও পরিবেশগত মানদণ্ড পোশাক রফতানি বাণিজ্যকে বাধাগ্রস্ত করে অর্থনৈতিক বৃদ্ধি থামিয়ে দিতে পারে। অন্যদিকে ইউরোপীয় সমর্থকরা ইউসিএসডিডিডি' কে মানবাধিকার ও পরিবেশ রক্ষার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে প্রশংসা করছে। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোর অর্থনৈতিক বৃদ্ধির ধারাকে সমুন্নত রাখার জন্য শিগগিরই এ দ্বন্দ্ব হতে বেরিয়ে আসা প্রয়োজন এবং বিশ্বব্যাপী সামাজিক ও পরিবেশগত টেকসই মানদণ্ডকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করে একটি সামঞ্জস্যপূর্ণ কৌশল প্রণয়ন করা অতীব প্রয়োজন।

বড় বড় ইউরোপীয় করপোরেট সংস্থা এবং যারা ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে কাজ করে তাদের বিশ্বব্যাপী সাপ্লাইচেইনে মানবাধিকার লঙ্ঘন রোধ এবং পরিবেশগত ক্ষতি হ্রাস করতে গভীর দায়িত্বশীল হতে ইইউ নির্দেশিকায় জোর দেয়া হয়েছে। এ রূপান্তরমূলক নীতি ৯ হাজার ৪০০টিরও বেশি বড় কোম্পানি এবং প্রায় ৩ হাজার ৪০০টি উচ্চ প্রভাবিত খাত যেমন টেক্সটাইল ও খনিজ শিল্পে কোম্পানিকে আরো দায়িত্বশীল ব্যবসায়িক ক্রিয়াকলাপ গ্রহণের দিকে পরিচালিত করবে। এছাড়া যে ছোট ছোট কারখানা বড় কোম্পানিগুলোর সাবকন্ট্রাক্টর বা সরবরাহকারী হিসেবে কাজ করে তাদের ওপরও এ কঠোর মানদণ্ডগুলো মেনে চলতে নির্দেশিকা প্রভাব বিস্তার করবে।

ইউরোপীয় ইউনিয়নের এ নতুন আইনটি, জাতিসংঘের নিয়মকানুন এবং ওইসিডির দিকনির্দেশনা থেকে অনুপ্রাণিত হয়েছে। এছাড়া ২০২১ সালের ইউরোপীয় সংসদের একটি প্রতিবেদন এ আইন তৈরিতে সাহায্য করেছে। এ আইনের মধ্য দিয়ে ইউরোপীয় কমিশন মানবাধিকার, পরিবেশ রক্ষা এবং অর্থনীতির উন্নতি—এ তিন বিষয়কে একসঙ্গে বাস্তবায়নের চেষ্টা করছে। এ প্রতিশ্রুতি জাতিসংঘের টেকসই উন্নয়নের লক্ষ্যগুলো এবং পরিবেশ সংক্রান্ত প্যারিস চুক্তির উদ্দেশ্যগুলোর সঙ্গে ও সামঞ্জস্যপূর্ণ।

বিগত কয়েক দশকে অনেক পোশাক শিল্পের সঙ্গে যুক্ত বাংলাদেশী কোম্পানি বেসরকারি সার্টিফিকেশন সংস্থা যেমন এস.এ ৮০০০, এথিক্যাল ট্রেডিং ইনিশিয়েটিভ বা ফেয়ার ওয়ার ফাউন্ডেশনের অধীনে সার্টিফায়েড হওয়ার জন্য চেষ্টা করেছে। এ সনদগুলো পাওয়ার জন্য নিরীক্ষা, কাগজপত্র এবং প্রশাসনিক খরচ তুলনামূলক বেশি লাগে, যা ছোট কোম্পানিগুলোর জন্য আর্থিক চাপ সৃষ্টি করে। দক্ষিণ ডেনমার্ক বিশ্ববিদ্যালয়ের তথ্য অনুসারে, বাংলাদেশে প্রায় তিন হাজার সার্টিফায়েড অডিটর এবং পরামর্শদাতা প্রতি বছর প্রায় ২৭ মিলিয়ন ডলারের ব্যবসা করে থাকে। এছাড়া এই সার্টিফিকেশনগুলোর বাজার স্বীকৃতি সর্বদা নিশ্চিত নয়, ফলে ক্রেতারা সার্টিফিকেশন থাকা বা না থাকা যেকোনো কোম্পানিকে বেছে নিতে পারে। এতে ইউরোপীয় ক্রেতাদের কাউকে জবাবদিহি করতে হয় না। বেসরকারি সার্টিফিকেশনগুলো প্রায়ই কিছু মানুষ দ্বারা তৈরি নির্দেশিকা যা বেসরকারি সংস্থাগুলোর মালিকানাধীন হয়। শ্রম ও পরিবেশগত নির্দেশিকাগুলো মেনে চলা ঐচ্ছিক এবং প্রয়োগের কৌশল সাধারণত দুর্বল হয়। অন্যদিকে ইইউসিএসডিডিডি ইউরোপীয় ইউনিয়ন দ্বারা প্রণীত ইউরোপীয় ক্রেতা এবং তাদের সরবরাহকারীদের জন্যও একটি নীতিগত বাধ্যবাধকতা তৈরি করে।

যেসব আন্তর্জাতিক ক্রেতা কোম্পানি এ নতুন ইউরোপীয় আইন মেনে চলতে ব্যর্থ হবে, তারা ইউরোপীয় বাজার থেকে বাদ পড়তে পারে অথবা জরিমানাসহ নিষেধাজ্ঞার মুখোমুখি হতে পারে। ইউরোপীয় ইউনিয়নের সদস্য রাষ্ট্রগুলো দ্বারা জাতীয় আইন প্রয়োগ পদ্ধতি কার্যকর হবে। এছাড়া ইউসিএসডিডিডির পরিসর বেসরকারি সার্টিফিকেশন সংস্থাগুলোর তুলনায় ব্যাপক, যা সাপ্লাইচেইন জুড়ে পরিবেশ ও মানবাধিকার সংক্রান্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত করেছে। এ আইন অনুসারে কোম্পানিগুলোকে দূষণ, শ্রমিক অধিকার লঙ্ঘন এবং সম্পদ আহরণের মতো সম্ভাব্য নেতিবাচক প্রভাব শনাক্তকরণ, প্রতিরোধ এবং হ্রাস করতে হবে। নির্দেশিকার একটি মৌলিক বৈশিষ্ট্য হলো

মানবাধিকার হিসেবে জীবনধারণযোগ্য মজুরি এবং জীবনধারণযোগ্য আয়ের স্বীকৃতি, যা কোম্পানিগুলোকে তাদের পরিচালনাগত কৌশলে অন্তর্ভুক্ত করতে বাধ্য করবে। নির্দেশিকা অবশ্য পালনীয়, ব্যাপক পরিসর, প্রয়োগ এবং স্বচ্ছতার ওপর জোর দেয়া ইউসিএসডিডিডি, বেসরকারি সার্টিফিকেশনের তুলনায় সম্পূর্ণ আলাদা। যেসব বাংলাদেশী পোশাক ও টেক্সটাইল ব্যবসায়ীরা ইউরোপীয় ক্রেতাদের সঙ্গে ব্যবসা চালিয়ে যেতে ইচ্ছুক, তাদের অবশ্যই ইইউসিএসডিডি নীতিমালা মেনে চলতে হবে।

বাংলাদেশের টেক্সটাইল ও পোশাক শিল্পের অন্যতম প্রধান চ্যালেঞ্জ জীবনধারণযোগ্য মজুরি ও জীবনধারণযোগ্য আয় নির্ধারণ। ইইউসিএসডিডি বাংলাদেশের গার্মেন্ট ও টেক্সটাইল ব্যবসার জন্য নতুন সুযোগ সৃষ্টি করলেও এটি ছোট ও মাঝারি প্রতিষ্ঠানগুলোর জন্য অনেক চ্যালেঞ্জ নিয়ে আসবে। ইউসিএসডিডিডির সঙ্গে সামঞ্জস্য রাখতে হলে প্রচুর সময় ও আর্থিক বিনিয়োগের প্রয়োজন পড়বে। এখানে বিশেষভাবে উল্লেখযোগ্য শ্রমিক অধিকার এবং কর্ম পরিবেশের উন্নতি, পরিবেশগত স্থায়িত্ব এবং ন্যায্য মজুরি নিশ্চিত করা এখনো উদ্বেগের বিষয়। প্রধান চ্যালেঞ্জ হচ্ছে জীবনধারণযোগ্য মজুরি এবং জীবনধারণযোগ্য আয় নিশ্চিত করা, যা দেশের জন্য একটি সংবেদনশীল বিষয়।

এ সমস্যা আরো জটিল হয়, কারণ বাংলাদেশের পোশাক ও টেক্সটাইল শিল্প মূল্যসংবেদনশীল, উচ্চ উৎপাদন ও কম মুনাফার ব্যবসা মডেল অনুসরণ করে। যেহেতু বাংলাদেশে জীবনধারণযোগ্য মজুরি নিয়ে কোনো আইন নেই, তাই মজুরি ব্যবস্থা, মূল্য নির্ধারণ মডেল এবং সরবরাহ চেইন ব্যবস্থাপনা পুনর্গঠন এবং সামগ্রিক ব্যবসায়িক পরিচালনা পুনর্বিন্যাস করে এ উন্নত মানদণ্ডগুলো মেনে চলার জন্য জোর দেয়া প্রয়োজন যেন স্বচ্ছতার সঙ্গে ইউরোপীয় বাজারে ব্যবসায়ের প্রসার ঘটতে পারে।

বাংলাদেশের টেক্সটাইল ও পোশাক শিল্পের ওপর সামগ্রিক প্রভাব রাখতে পারে ইইউর নতুন নির্দেশিকা। অর্থনীতির একটি প্রধান ভিত্তি টেক্সটাইল ও পোশাক শিল্প। বাংলাদেশের মোট রফতানি আয়ের প্রায় ৮৪ শতাংশ আসে এ শিল্প থেকে। দেশে কর্মসংস্থান সৃষ্টিতেও অগ্রণী ভূমিকা রেখেছে এ শিল্প। প্রায় ৪০ লাখের মতো মানুষ এ খাতে নিযুক্ত, যাদের অধিকাংশই নারী। এতে করে নারীদের আর্থিক স্বাধীনতা বৃদ্ধি পায় এবং সামাজিক অবস্থানের উন্নতি ঘটে।

বাংলাদেশের পোশাক ও টেক্সটাইল শিল্পের জন্য ইউরোপীয় বাজারের প্রবেশাধিকার ধরে রাখা অপরিহার্য। ২০২১ সালে বাংলাদেশ ৩৮ বিলিয়ন ইউরো মূল্যের পণ্য ইউরোপে রফতানি করেছে, যা ইউরোপীয় ইউনিয়নকে তার সবচেয়ে বড় বাণিজ্যিক অংশীদার হিসেবে প্রতিষ্ঠা করে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর তথ্য অনুযায়ী, শুধু তৈরি পোশাক থেকেই ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশের মোট রফতানির ৮৪ শতাংশ আয় হয়েছে। ইউরোস্ট্যাটের তথ্য অনুসারে, বাংলাদেশের পোশাক ও টেক্সটাইল রফতানির প্রায় ৯০ শতাংশ ইউরোপে যায়। তাই ইউসিএসডিডিডির ব্যাপারে বিশেষভাবে গুরুত্ব দিতে হবে এবং তা মেনে চলা বাংলাদেশী নির্মাতাদের জন্য জরুরি।

ইইউর নতুন নির্দেশকায় বেশকিছু চ্যালেঞ্জ থাকলেও বাংলাদেশ ইচ্ছা করলে তা সুযোগে রূপান্তর করতে পারবে। বাংলাদেশের টেক্সটাইল ও পোশাক শিল্পের জন্য বিশেষায়িত প্রশিক্ষণ, নতুন ডিজিটাল টুলস এবং প্রাতিষ্ঠানিক সহায়তা অত্যন্ত প্রয়োজন। এজন্য ইউরোপীয় ইউনিয়নের উচিত এ সেক্টরকে রূপান্তরিত করার লক্ষ্যে একটি বিশেষ ফান্ড গঠন করা। এছাড়া ইউরোপীয় কোম্পানিগুলো এবং স্থানীয় টেক্সটাইল কারখানাগুলোর মধ্যে দীর্ঘমেয়াদি অংশীদারত্ব গড়ে তোলা অত্যন্ত জরুরি, যা ইইউসিএসডিডিডি যে প্রভাব তৈরি করতে চায় তা বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ইউরোপীয় পোশাক ব্র্যান্ডগুলোর উচিত নতুন কৌশল ও পদ্ধতি তৈরি করা যাতে করে ইউরোপীয় রাষ্ট্রগুলোয় বাংলাদেশের পোশাক শিল্পের প্রবেশাধিকার সমুন্নত থাকে। এছাড়া ইউসিএসডিডিডির বাস্তবায়নে শ্রমিক, ট্রেড ইউনিয়ন এবং বিশেষত বাংলাদেশ সরকারের সঙ্গে অর্থপূর্ণ যোগাযোগ অন্তর্ভুক্ত করা উচিত, যাতে সবার অংশগ্রহণ ও কাজের সুযোগ সমুন্নত থাকে এবং ব্যবসায়িক স্বচ্ছতা বৃদ্ধি পায়।

আশা করা যায়, ইউসিএসডিডিডির মানদণ্ডগুলো মেনে চলার মাধ্যমে বাংলাদেশের টেক্সটাইল ও পোশাক শিল্প ইউরোপীয় বাজারে একটি প্রতিযোগী সুবিধা লাভ করবে এবং নিয়ম মেনে উৎপাদিত পণ্যের প্রতি আগ্রহী গ্রাহকগোষ্ঠীকে আকৃষ্ট করতে পারবে। এ নতুন আইন ইউরোপীয় বাজারের সঙ্গে বাণিজ্য সুযোগ বৃদ্ধি করতে পারে, যা বাংলাদেশকে অন্য প্রতিদ্বন্দ্বীদের থেকে আলাদা করে তুলবে।

**লেখক:** শতদ্রু চট্টোপাধ্যায়, ব্যবস্থাপনা পরিচালক, সলিডারিডাড নেটওয়ার্ক এশিয়া।
**সূত্র:** বণিক বার্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

## ❐ গুরুত্বপূর্ণ শব্দার্থ/Word Meaning:

| | |
|---|---|
| আমূল পরিবর্তন - Radical change | দায়িত্বশীল – Responsible |
| নিয়মাবলি – Rules | প্রশাসনিক – Administrative |
| উদ্বিগ্ন – Anxious | পরামর্শদাতা - Adviser; Counsellor |
| মানদণ্ড – Criteria | জবাবদিহি – Accountability |
| টেকসই – Durable; Long lasting | নির্দেশিকা – Directory; Guidelines |
| সামঞ্জস্যপূর্ণ – Compatible | ঐচ্ছিক - Pptional; Elective |
| রূপান্তরমূলক – Transformative<br>নিষেধাজ্ঞা – Prohibition; Embargo | নীতিগত বাধ্যবাধকতা - Policy obligations<br>কার্যকর – Effective |
| শনাক্তকরণ – Identification; Detection | মৌলিক বৈশিষ্ট্য – Basic feature |
| জীবনধারণযোগ্য - Livable | ন্যায্য মজুরি – Fair wages |
| উদ্বেগ - Concern | সংবেদনশীল – Sensitive; Sensory |
| মূল্যসংবেদনশীল – Price sensitive | সরবরাহ চেইন ব্যবস্থাপনা – Supply chain management |
| পুনর্গঠন - Reconstruction | প্রবেশাধিকার - Admittance |
| অংশীদার – Partner; Share holder | অংশীদারত্ব - Partnership |
| সমুন্নত – Elevated; Dignified | গ্রাহকগোষ্ঠী – Customer group |

❐ **অনুবাদ:** সম্পাদকীয় থেকে কিছু অংশ Translate করে দেয়া হলো-

ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নতুন সামাজিক ও পরিবেশগত নির্দেশিকা বাংলাদেশের পোশাক রফতানিতে বাধা হয়ে দাঁড়াবে নাকি ব্যবসার নতুন দ্বার উন্মোচন করবে, সে বিষয়ে চিন্তার প্রয়োজন আছে। গত ২৪ এপ্রিল ইইউ করপোরেট সাসটেইনেবিলিটি ডিউ ডিলিজেন্স নির্দেশিকা (ইউসিএসডিডিডি) কার্যকর হয়। এ আইন সামাজিক ও পরিবেশগত মানদণ্ডকে ব্যবসায়িক নীতির সঙ্গে সরাসরি সংযুক্ত করে আন্তর্জাতিক বাণিজ্যের নিয়মকে আমূল পরিবর্তন করতে পারে। এ নতুন নিয়মাবলি বিশ্বজুড়ে তীব্র বিতর্কের সূচনা করেছে। এশিয়ায়, বিশেষ করে বাংলাদেশে ব্যবসায়ীরা উদ্বিগ্ন, কারণ কঠোর সামাজিক ও পরিবেশগত মানদণ্ড পোশাক রফতানি বাণিজ্যকে বাধাগ্রস্ত করে অর্থনৈতিক বৃদ্ধি থামিয়ে দিতে পারে। অন্যদিকে ইউরোপীয় সমর্থকরা ইউসিএসডিডিডি'কে মানবাধিকার ও পরিবেশ রক্ষার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে প্রশংসা করছে। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোর অর্থনৈতিক বৃদ্ধির ধারাকে সমুন্নত রাখার জন্য শিগগিরই এ দ্বন্দ্ব হতে বেরিয়ে আসা প্রয়োজন এবং বিশ্বব্যাপী সামাজিক ও পরিবেশগত টেকসই মানদণ্ডকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করে একটি সামঞ্জস্যপূর্ণ কৌশল প্রণয়ন করা অতীব প্রয়োজন।

It is necessary to consider whether Bangladesh's garment exports will be hindered by the new social and environmental regulations of the European Union (EU) or if they will create new opportunities for trade. On April 24, the EU's Corporate Sustainability Due Diligence Directive (UCSDDD) went into force. The Act's direct linkage of social and environmental standards to corporate policies has the potential to drastically alter the regulations governing international trade. Global discussion over the new rules has become very heated. Asian businessmen, especially those in Bangladesh, are worried that tighter social and environmental regulations may stunt economic expansion by impeding the export of clothing. Conversely, proponents in Europe are praising the UCSDDD as a significant step toward safeguarding the environment and human rights. It is critical to resolve this conflict and develop a cogent plan that complies with international standards for social and environmental sustainability if developing nations like Bangladesh are to continue experiencing economic growth.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

বড় বড় ইউরোপীয় করপোরেট সংস্থা এবং যারা ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে কাজ করে তাদের বিশ্বব্যাপী সাপ্লাইচেইনে মানবাধিকার লঙ্ঘন রোধ এবং পরিবেশগত ক্ষতি হ্রাস করতে গভীর দায়িত্বশীল হতে ইইউ নির্দেশিকায় জোর দেয়া হয়েছে। এ রূপান্তরমূলক নীতি ৯ হাজার ৪০০টিরও বেশি বড় কোম্পানি এবং প্রায় ৩ হাজার ৪০০টি উচ্চ প্রভাবিত খাত যেমন টেক্সটাইল ও খনিজ শিল্পে কোম্পানিকে আরো দায়িত্বশীল ব্যবসায়িক ক্রিয়াকলাপ গ্রহণের দিকে পরিচালিত করবে। এছাড়া যে ছোট ছোট কারখানা বড় কোম্পানিগুলোর সাবকন্ট্রাক্টর বা সরবরাহকারী হিসেবে কাজ করে তাদের ওপরও এ কঠোর মানদণ্ডগুলো মেনে চলতে নির্দেশিকা প্রভাব বিস্তার করবে।

Major European corporate organizations and those collaborating with the EU are required by EU directive to assume increased accountability for stopping violations of human rights and mitigating environmental harm in their international supply chains. More than 9,400 major corporations and about 3,400 businesses in high-impact industries like minerals and textiles will implement more ethical business practices as a result of this revolutionary policy. Besides, the directive will also influence small factories that work as subcontractors or suppliers of big companies to adhere to these strict standards.

ইউরোপীয় ইউনিয়নের এ নতুন আইনটি, জাতিসংঘের নিয়মকানুন এবং ওইসিডির দিকনির্দেশনা থেকে অনুপ্রাণিত হয়েছে। এছাড়া ২০২১ সালের ইউরোপীয় সংসদের একটি প্রতিবেদন এ আইন তৈরিতে সাহায্য করেছে। এ আইনের মধ্য দিয়ে ইউরোপীয় কমিশন মানবাধিকার, পরিবেশ রক্ষা এবং অর্থনীতির উন্নতি—এ তিন বিষয়কে একসঙ্গে বাস্তবায়নের চেষ্টা করছে। এ প্রতিশ্রুতি জাতিসংঘের টেকসই উন্নয়নের লক্ষ্যগুলো এবং পরিবেশ সংক্রান্ত প্যারিস চুক্তির উদ্দেশ্যগুলোর সঙ্গে ও সামঞ্জস্যপূর্ণ।

The OECD guidelines and UN regulations served as the model for the new EU law. A report from the European Parliament in 2021 also influenced the law's design. The European Commission is attempting to address three issues with this law: economic development, environmental protection, and human rights. Additionally, this commitment aligns with the goals of the Paris Agreement on the Environment and the Sustainable Development Goals of the United Nations.

## 2. Are multilateral financial institutions doing enough to ensure climate justice?

The Spring Meetings of the International Monetary Fund (IMF) and the World Bank convened during the 3rd week of April, 2024. This is the first time the meeting failed to have an agreed communique, because of dissensus among member states on a number of geopolitical issues. A stock take was done about the reform evolution of the World Bank's mission to better respond to global challenges. The series of meetings focused on issues like the capital expansion of the multilateral financial institutions (MFIs) for addressing global challenges like climate change and the soaring debt burdens, both of which are related to the functioning of the Bretton Woods system.

First about enhanced financing for global development by the World Bank: a pledge to increase funding by more than $5 billion a year, so this could potentially generate up to $50[1] billion of investment for tackling global challenges over the next decade. Besides, the 10 heads of multilateral development banks (MDBs) also agreed to generate an additional $300-400 billion over the next decade to finance global


© CrackTech

development including climate change and SDGs. Besides, The MDB heads pledged to boost climate actions that include designing the first common approach to measuring outcomes and aligning their operations to the Paris Agreement goals. Also, they agreed to jointly report on climate financing and their engagement in achieving the new collective goal on climate finance. Another initiative was taken where 11 rich countries committed to a new Livable Planet Fund totalling $11 billion to support the SDGs, which is expected to leverage six to seven times more money over the coming decade. Besides, pressure has been mounting for reforms of the MFIs in the hopes of boosting climate finance through measures such as grants and low-cost loans, special drawing rights, and co-investment with the private sector.

The IMF and the World Bank are taking an increasing interest in climate financing, where spending by the World Bank reached almost $32 billion in 2022. Now the IMF has its Resilience and Sustainability Trust (RST), created last year to provide long-term concessional financing for adaptation and energy transition, under which a number of countries, including Bangladesh, reached an agreement. However, these steps are extremely short of the growing needs for addressing the increasing impacts of climate change. There are estimates of $2.4 trillion a year needed by 2030 to shift on to a decarbonisation track, that is compatible with limiting average temperature increases to 1.5 degrees Celsius.

But the supply continues to witness a shortfall. Still, the Global South does not agree that the long-pledged climate finance of $100 billion goal has been met. Against this, in 2024, debt repayment that developing countries are likely to pay will be over $400 billion, which is $50 billion more than they are expected to get as new grants and loans. So, there is a net outflow of direly needed resources from the Global South, particularly from the LICs. Today, about 60 percent of low-income countries are either in debt distress or at high risk of it. A new UN report on SDG financing shows how prioritising debt over basic services like food, health care and education plagues the developing world, and that for the least-developed countries, debt service will amount to $40 billion annually between 2023 and 2025, up more than 50 percent from $26 billion in 2022. More frequent and destructive climate disasters account for more than half of the debt in these vulnerable countries. Against this, the UN Chief warns of growing inequalities, and trust in institutions and solidarity between developing and developed countries as "low and falling." So, Guterres is calling for mobilising $500 billion a year of additional investments in sustainable development and climate action.

While attending the meetings, President-designate Mukhtar Babayev of COP29 emphasised that climate finance remained the top priority for the Baku Summit, expecting the flow of climate finance to increase by "several multiples." In a similar vein, the UNFCCC (United Nations Framework Convention on Climate Change) Executive Secretary talks of the need for a "quantum leap" in climate finance. So, a small group of nations led by Barbados, France and Kenya met on the side lines to push for more taxes on fossil fuel burning that developing nations could use to deal with climate shocks. Besides, discussions are ongoing about some levies on air travel and maritime transport for mobilising extrabudgetary resources.

© CrackTech
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

The meeting also reviewed the Global Sovereign Debt Roundtable (GSDR) initiated last year to accelerate negotiations on debt restructuring through negotiations among major creditors including China and the diverse group of private investors. At the end, the reforms must include the provision of grants for adaptation in the most impacted countries, debt cancellation for the most debt distressed ones, long term concessional loans and changes in the lending practices of MDBs that allow capital flowing back to developing countries. The reform also has to include putting climate-resilient debt clauses in loan agreements, with suspension of debt repayments during the time a country recovers.

But frustrations from the leaders of low-and middle-income countries keep mounting. Mia Mottley, the Barbados Prime Minister who is most vocal about MFI reforms with the Bridgetown Initiative, accuses developed countries of double-speak—manifest in them telling lower income countries to refrain from doing things like not printing money, yet during the Covid-19 pandemic, they did not shy away from it themselves. sermonising of doing not what they do, but doing what they tell the developing countries to do. She also alleges that the development paradigm still reflects the colonial framework of power relationships. In a similar vein, Amina Mohammed, the deputy UN secretary general, asked whether the responses of the MFIs reflect "one humanity", or if there is a deviation of our "moral compass".

This deviation is evident in the acute dearth of political will, not money. We may recall the lesson that Adam Smith, the father of Classical Economics taught us, that interests either at individual or national levels are bounded with one another. To realise our interests, we need to respect the interests of others in a free market system, upon which our climate regime is founded. Are we doing it? So, the billion-dollar question today before humanity is—how can the moral compass be directed to reverse the dysfunctional world order, as the UN Chief calls it.

**Writer:** Mizan R Khan, Independent consultant and technical lead, LDC Universities' Consortium on Climate Change (LUCCC).
**Source:** The Daily Star.

❒ **গুরুত্বপূর্ণ শব্দার্থ/Word Meaning:**

| | |
|---|---|
| Convene - সভা আহ্বান করা; সমবেত হওয়া বা হতে আহ্বান জানানো। | Leverage - লিভারের ক্রিয়া; লিভার ব্যবহারের প্রণালি; লিভার ব্যবহারের ফলে লব্ধ সুবিধা। |
| Communique - ইশতেহার; সরকারি ঘোষণা। | Soaring – উড্ডয়ন। |
| Dissensus – মতভেদ। | Resilience - আগের অবস্থায় ফিরে আসার গুণাবলি, স্থিতিস্থাপকতা। |
| Multilateral – বহুমুখী। | Sustainability – স্থায়িত্ব। |
| Capital expansion – মূলধন সম্প্রসারণ। | Concessional – ছাড়। |
| Shortfall – ঘাটতি। | Distress – চরম বিপদ; সংকট। |
| Grant - প্রদান করতে সম্মত হওয়া। | Plague - মহামারী; মড়ক। |
| Outflow – বহিঃপ্রবাহ; নিঃসরণ। | Solidarity - সংহতি। |

| | |
|---|---|
| Mobilise – সচল করা। | Extrabudgetary – অতিরিক্ত বাজেট। |
| Diverse - নানা রকম; বিভিন্ন রকম; একাধিক। | Suspension - সাময়িক বরখাস্তকরণ/কর্মচ্যুতি। |
| Mount - পরিমাণে বৃদ্ধি পাওয়া; চড়া। | Manifest - সুস্পষ্ট; স্পষ্টত প্রতীয়মান। |
| Shy away – অপছন্দনীয় কোনো কিছু থেকে বিরত থাকা। | Sermonise - হিতোপদেশ দেওয়া; নসিহত করা। |
| Acute - তীক্ষ্ণ; ক্ষিপ্র; সূক্ষ্ম; সূচ্যগ্র, তীব্র; বেধক। | Dearth - অভাব; অনটন; আকাল। |
| Dysfunctional – অকার্যকর। | World order – বিশ্ব ব্যবস্থা। |

❒ **অনুবাদ:** সম্পাদকীয় থেকে কিছু অংশ অনুবাদ করে দেয়া হলো-

The Spring Meetings of the International Monetary Fund (IMF) and the World Bank convened during the 3rd week of April, 2024. This is the first time the meeting failed to have an agreed communique, because of dissensus among member states on a number of geopolitical issues. A stock take was done about the reform evolution of the World Bank's mission to better respond to global challenges. The series of meetings focused on issues like the capital expansion of the multilateral financial institutions (MFIs) for addressing global challenges like climate change and the soaring debt burdens, both of which are related to the functioning of the Bretton Woods system.

আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) এবং বিশ্বব্যাংকের বসন্ত সভা ২০২৪ সালের এপ্রিল মাসের তৃতীয় সপ্তাহে অনুষ্ঠিত হয়। কিছু বৈশ্বিক রাজনৈতিক বিষয়ে সদস্য রাষ্ট্রগুলির মধ্যে মতানৈক্যের কারণে এটি প্রথম বারের মতো কোনো সর্বসম্মত ঘোষণাপত্র প্রণয়ন করতে পারেনি। বিশ্বব্যাংকের লক্ষ্য ও কাজের ধারাবাহিকতা বৈশ্বিক চ্যালেঞ্জগুলি মোকাবেলায় আরও কার্যকর করার জন্য সংস্কারমূলক পদক্ষেপগুলো পর্যালোচনা করা হয়েছে। এই সিরিজ সভাগুলোতে বহুপাক্ষিক আর্থিক প্রতিষ্ঠানগুলোর (এমএফআই) মূলধন সম্প্রসারণ, জলবায়ু পরিবর্তন এবং ক্রমবর্ধমান ঋণবোঝা মোকাবেলায় ব্রেটন উডস সিস্টেমের কার্যকারিতা সংক্রান্ত বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়েছে।

First about enhanced financing for global development by the World Bank: a pledge to increase funding by more than $5 billion a year, so this could potentially generate up to $50[1] billion of investment for tackling global challenges over the next decade. Besides, the 10 heads of multilateral development banks (MDBs) also agreed to generate an additional $300-400 billion over the next decade to finance global development including climate change and SDGs. Besides, The MDB heads pledged to boost climate actions that include designing the first common approach to measuring outcomes and aligning their operations to the Paris Agreement goals. Also, they agreed to jointly report on climate financing and their engagement in achieving the new collective goal on climate finance. Another initiative was taken where 11 rich countries committed to a new Livable Planet Fund totalling $11 billion to support the SDGs, which is expected to leverage six to seven times more money over the coming decade. Besides, pressure has been mounting for reforms of the MFIs in the hopes of boosting climate finance through measures such as grants and low-cost loans, special drawing rights, and co-investment with the private sector.


© CrackTech

প্রথমে বিশ্বব্যাংকের মাধ্যমে বৈশ্বিক উন্নয়নের জন্য উন্নত অর্থায়ন সম্পর্কে: প্রতি বছর ৫ বিলিয়ন ডলারেরও বেশি অর্থায়ন বৃদ্ধির প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, যাতে আগামী দশকে বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় ৫০ বিলিয়ন ডলার পর্যন্ত বিনিয়োগ তৈরি হতে পারে। এছাড়াও, বহুপাক্ষিক উন্নয়ন ব্যাংকগুলোর (এমডিবি) ১০ জন প্রধান আগামী দশকে জলবায়ু পরিবর্তন এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) সহ বৈশ্বিক উন্নয়নের জন্য অতিরিক্ত ৩০০-৪০০ বিলিয়ন ডলার সংগ্রহ করতে সম্মত হয়েছেন। এমডিবি প্রধানরা জলবায়ু কার্যক্রম বৃদ্ধির প্রতিশ্রুতি দিয়েছেন, যার মধ্যে রয়েছে ফলাফল পরিমাপের জন্য প্রথম সাধারণ পদ্ধতি ডিজাইন করা এবং তাদের কার্যক্রমকে প্যারিস চুক্তির লক্ষ্যগুলোর সাথে সামঞ্জস্য করা। এছাড়াও, তারা যৌথভাবে জলবায়ু অর্থায়ন এবং জলবায়ু অর্থায়নের নতুন যৌথ লক্ষ্য অর্জনে তাদের সম্পৃক্ততা সম্পর্কে প্রতিবেদন দেওয়ার জন্য সম্মত হয়েছেন। আরেকটি উদ্যোগ নেওয়া হয়েছে যেখানে ১১টি ধনী দেশ এসডিজি সমর্থনে ১১ বিলিয়ন ডলার মূল্যের একটি নতুন লাইভেবল প্ল্যানেট ফান্ডে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে, যা আগামী দশকে ছয় থেকে সাত গুণ বেশি অর্থ সংগ্রহ করবে বলে আশা করা হচ্ছে। এছাড়াও, অনুদান এবং কম খরচের ঋণ, স্পেশাল ড্রয়িং রাইটস এবং বেসরকারি খাতের সাথে সহ-নিবেশের মতো পদক্ষেপের মাধ্যমে জলবায়ু অর্থায়ন বৃদ্ধির আশায় এমএফআইগুলোর সংস্কারের জন্য চাপ বাড়ছে।

The IMF and the World Bank are taking an increasing interest in climate financing, where spending by the World Bank reached almost $32 billion in 2022. Now the IMF has its Resilience and Sustainability Trust (RST), created last year to provide long-term concessional financing for adaptation and energy transition, under which a number of countries, including Bangladesh, reached an agreement. However, these steps are extremely short of the growing needs for addressing the increasing impacts of climate change. There are estimates of $2.4 trillion a year needed by 2030 to shift on to a decarbonisation track, that is compatible with limiting average temperature increases to 1.5 degrees Celsius.

আইএমএফ এবং বিশ্বব্যাংক জলবায়ু অর্থায়নে ক্রমবর্ধমান আগ্রহ দেখাচ্ছে, যেখানে ২০২২ সালে বিশ্বব্যাংকের ব্যয় প্রায় ৩২ বিলিয়ন ডলারে পৌঁছেছে। এখন আইএমএফের রেজিলিয়েন্স অ্যান্ড সাস্টেইনেবিলিটি ট্রাস্ট (আরএসটি) রয়েছে, যা গত বছর দীর্ঘমেয়াদি স্বল্প সুদের অর্থায়ন প্রদানের জন্য তৈরি করা হয়েছে অভিযোজন এবং শক্তি রূপান্তরের জন্য, যার অধীনে বাংলাদেশসহ বেশ কয়েকটি দেশ একটি চুক্তিতে পৌঁছেছে। তবে, এই পদক্ষেপগুলি ক্রমবর্ধমান জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য প্রয়োজনীয় ক্রমবর্ধমান চাহিদার তুলনায় অত্যন্ত কম। অনুমান করা হয়েছে যে ২০৩০ সালের মধ্যে কার্বনমুক্ত পথে স্থানান্তরের জন্য প্রতি বছর ২.৪ ট্রিলিয়ন ডলার প্রয়োজন, যা গড় তাপমাত্রা বৃদ্ধিকে ১.৫ ডিগ্রি সেলসিয়াসে সীমাবদ্ধ করার সাথে সামঞ্জস্যপূর্ণ।

# আরও কিছু গুরুত্বপূর্ণ সম্পাদকীয়

## ৩. অফশোর ব্যাংকিং বাংলাদেশে 'উদার' করা হচ্ছে কেন?

বাংলাদেশে অফশোর ব্যাংকিং ব্যবস্থা নিয়ে নতুন যে আইনটি চূড়ান্ত করা হয়েছে তাতে দেশের বৈদেশিক মুদ্রার প্রবাহ বৃদ্ধি, রিজার্ভ সংকট ও এলসি খোলার সংকট সমাধান-সহ বিদেশি বিনিয়োগ আরও উৎসাহিত হবে বলে মনে করছেন ব্যাংক খাত সংশ্লিষ্টরা। তারা বলছেন, কোনও ব্যক্তি নয় বরং আন্তর্জাতিক অর্থ ব্যবস্থার সঙ্গে সামঞ্জস্য রাখতে অফশোর ব্যাংকিং ব্যবস্থা ইতিবাচক ভূমিকা রাখবে বলেই এই আইন জরুরি ছিলো।

কিন্তু গণমাধ্যমে আলোচনায় আসা এই অফশোর ব্যাংকিং আসলে কী? সাধারণ ব্যাংকিং-এর সাথে এর পার্থক্যই বা কী? কারা এর গ্রাহক? এই ব্যাংকিং ব্যবস্থায় সরকারের উপরই বা কী প্রভাব পড়বে?

**অফশোর ব্যাংকিং কী?**

অফশোর ব্যাংকিং হলো ব্যাংকের ভেতরে পৃথক ব্যাংকিং সেবা। প্রচলিত ব্যাংকিং বা শাখার কার্যক্রমের চেয়ে ভিন্ন অফশোর ব্যাংকিং। কারণ এ জাতীয় কার্যক্রমে আমানত গ্রহণ ও ঋণ দেয়ার দুই কার্যক্রমই বৈদেশিক উৎস থেকে আসে ও বিদেশী গ্রাহকদের দেয়া হয়। এই ব্যাংকিং কার্যক্রম শুধু অনিবাসীদের মধ্যেই সীমিত থাকে। বিদেশী কোম্পানিকে ঋণ দেয়া ও বিদেশী উৎস থেকে আমানত সংগ্রহের সুযোগ রয়েছে অফশোর ব্যাংকিংয়ে। স্থানীয় মুদ্রার পরিবর্তে বৈদেশিক মুদ্রায় হিসাব হয় অফশোর ব্যাংকিংয়ে। অফশোর ব্যাংকিংয়ের ক্ষেত্রে প্রচলিত ব্যাংকের কোনো নিয়ম-নীতিমালা প্রয়োগ করা হয় না। আলাদা আইনকানুনের মাধ্যমে এ তহবিল পরিচালিত হয় ও হিসাব সংরক্ষণ করা হয়। কেবল মুনাফা ও লোকসানের হিসাব যোগ হয় ব্যাংকের মূল মুনাফায়। অফশোর ইউনিট থেকে ব্যাংকগুলো বৈদেশিক মুদ্রায় ঋণ দিয়ে থাকে। এটি এমন ব্যাংকিং কার্যক্রমকে নির্দেশ করে যা শুধুমাত্র অনিবাসীদের যেমন মাল্টিন্যাশনাল পণ্য, সেবা এবং ফাইন্যান্সারদের সম্পৃক্ত করে। এটি দেশীয় ব্যাংকিংয়ের সাথে যুক্ত হয় না।

**নতুন আইনে যা বলা হয়েছে**

বাংলাদেশে ১৯৮৫ সালে অফশোর ব্যাংকিং কার্যক্রম শুরু হয়েছিল। অর্থ মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনের ভিত্তিতে সে সময় কাজ শুরু হয়েছিল। পরে ২০১৯ সালে অফশোর ব্যাংকিং নীতিমালা জারি করে বাংলাদেশ ব্যাংক। বুধবার অফশোর ব্যাংকিং আইন ২০২৪-এর খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দিয়েছে বাংলাদেশের মন্ত্রিপরিষদ। এর ফলে বাংলাদেশে বিনিয়োগকারী অনিবাসী ব্যক্তি বা প্রতিষ্ঠানগুলো অফশোর অ্যাকাউন্ট খুলতে পারবে। এই খসড়ায় বলা হয়েছে, বাংলাদেশ ব্যাংক থেকে তফসিলি ব্যাংকগুলোকে লাইসেন্স নিতে হবে। শুধুমাত্র লাইসেন্সধারী ব্যাংকগুলোতে অফশোর অ্যাকাউন্ট খোলা যাবে। যাদের লাইসেন্স আছে তাদের নতুন করে নিতে হবে না।

বাংলাদেশে বর্তমানে ৩৯টি ব্যাংক অফশোর ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। এ ধরনের ব্যাংকিং কার্যক্রমে যারা বিনিয়োগ করবে তারা বিদেশী বা অনিবাসী কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে হবে। অনুমোদিত এই আইনের অধীনে ব্যাংকগুলো বিদেশী বা অনিবাসী কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান থেকে বৈদেশিক মুদ্রায় যে আমানত গ্রহণ করবে, তা স্বাভাবিক ব্যাংকিং পদ্ধতিতে ব্যবহার করতে পারবে। বিদেশে যে বাংলাদেশী বসবাস করছেন তার পক্ষে দেশে অবস্থানরত কোনো বাংলাদেশী নাগরিক অ্যাকাউন্ট খুলতে পারবেন। সহায়তাকারী হিসেবে তারা অ্যাকাউন্ট পরিচালনা করতে পারবেন। পাঁচ ধরণের বৈদেশিক মুদ্রা ডলার, পাউন্ড, ইউরো, জাপানি ইয়েন ও চীনা ইউয়ানে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা যাবে।

.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

বর্তমানে যে অফশোর ব্যাংকিং ব্যবস্থা রয়েছে তাতে ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) না থাকলে আমানতের আয়ের উপর ১৫ শতাংশ কর দিতে হয়। আর টিআইএন থাকলে ১০ শতাংশ কর দিতে হয়। নতুন আইনে কোনো কর দিতে হবে না। একইসাথে অফশোর ব্যাংকিং লেনদেনে যে সুদ আসবে, তার উপর কোনো কর আরোপ করা হবে না। অ্যাকাউন্ট পরিচালনার জন্য কোনো সুদ বা চার্জ দিতে হবে না। বর্তমানে অনাবাসী বাংলাদেশী নাগরিকদের থেকে আমানত নেয়ার কোনো নিয়ম নেই। এ আইনটি পাস হলে তফসিলি ব্যাংকের অফশোর ইউনিটগুলো বিদেশীদের পাশাপাশি অনাবাসী বাংলাদেশী নাগরিকদের থেকেও আমানত নিতে পারবে। অনুমোদিত নতুন আইনে কোনো ঋণসীমা রাখা হয়নি। এতে যেকোনো পরিমাণ লেনদেন করা যাবে। বর্তমানে বাংলাদেশে ইপিজেডে যে অফশোর অ্যাকাউন্ট রয়েছে তা কারেন্ট অ্যাকাউন্ট। এসব অ্যাকাউন্টে কোনো লাভ দেয়া হয় না। তবে নতুন আইনে অফশোর ব্যাংকিং কার্যক্রমে লাভ দেয়ার বিধান রাখা হয়েছে।

**অফশোর ব্যাংকিং-এর সুবিধা ও অসুবিধা**

ব্যাংকাররা বলছেন, এই ব্যাংকিং পদ্ধতিতে অসুবিধার চাইতে সুবিধাই বেশি। এই ব্যাংকিংয়ে যেকোনো কোম্পানি বা ব্যক্তি দেশ বিদেশে সহজ শর্তে ব্যবসা করতে পারবে। অনুমোদিত নতুন আইনের আওতায় সরকার এই ব্যাংকিং কার্যক্রমে আকর্ষণীয় সুযোগ সুবিধা দিয়ে থাকে। প্রচলিত ব্যাংকিং ব্যবস্থার সাথে এর পার্থক্য হলো এতে বিধিনিষেধ একেবারেই কম। গ্রাহকের তথ্য সংক্রান্ত চূড়ান্ত গোপনীয়তা বজায় রাখা হয়। তবে অসুবিধাও রয়েছে বলে মনে করছেন ব্যাংকাররা।

মেঘনা ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক নুরুল আমিন বিবিসি বাংলাকে বলেন, 'অতীতে এমন উদাহরণও রয়েছে, অফশোরের মাধ্যমে বিদেশ থেকে লোন নিয়ে দেশে ব্যবসা করছে। দেশে লোন শোধ করছে। এক্ষেত্রে তার এক্সপোর্ট সেভাবে না থাকলে ওই লোন শোধ হওয়ার সম্ভাবনা কমে যাবে। তার মানে তাকে উল্টা করে লোকাল টাকা দিয়ে লোন শোধ করার সুযোগ নেই। পর্যাপ্ত এক্সপোর্টের মাধ্যমে কাভার না করলে ওই লোন পরিশোধ কঠিন হয়ে পড়ে।' এ সমস্যা রোধে তদারকি করা প্রয়োজন বলে মনে করছেন সাবেক এই ব্যাংকার। তিনি বলেন, 'যে কারণে লোন দেয়া হচ্ছে সেটা পালন হচ্ছে কিনা সেটা মনিটরিং জরুরি।' তিনি আরো বলেন, 'এই কার্যক্রমের সবচেয়ে বড় সুবিধা হলো দেশে বৈদেশিক মুদ্রার প্রবাহ বাড়বে। কারণ যারা এতে অংশ নেবে তাদের সর্বোচ্চ সুযোগ সুবিধা দেয়া হয়। অনেক ক্ষেত্রেই তাদের রেস্ট্রিকশন কম থাকবে। কারণ ফরেন কারেন্সির ক্ষেত্রে বিধিনিষেধ অনেক উদার করা হয়েছে।'

বাংলাদেশের মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মাহবুব হোসেন সচিবালয়ে এই আইনের খসড়া চূড়ান্ত করা হয়েছে বলে জানিয়েছেন। গণমাধ্যমে তিনি বলেন, 'এটা এখন সর্বাধুনিক ব্যাংকিং ব্যবস্থা। পৃথিবীর বহু দেশ এ পদ্ধতি অনুসরণ করে তাদের বৈদেশিক রিজার্ভ ও আর্থিক কাঠামোকে সমৃদ্ধ করেছে। এতে করে তারা শত শত কোটি ডলার বিনিয়োগ পেয়েছে। এছাড়া আমরা এটিকে একটি অপশন হিসেবে ব্যবহার করছি, যাতে বিদেশীরা এসে টাকা রাখতে পারে। তবে বাংলাদেশে অভ্যন্তরীণ ব্যাংকিং ব্যবস্থা থেকে টাকা নিয়ে যাওয়া যায় না। এক্ষেত্রে অনুমতি নিতে হয়। অফশোর এই আইনে স্বাধীনভাবে অপারেট করা যাবে।'

মন্ত্রিপরিষদ সচিব আরো জানান, 'বাংলাদেশে যেসব বিদেশী বিনিয়োগ করে লভ্যাংশ নিয়ে যান, তখন তারা বাইরের অফশোর কোনো ব্যাংকিং ব্যবস্থায় টাকা রাখেন। আবার আমাদের এখানে যখন আনেন, তখন তারা আমাদের কোনো অভ্যন্তরীণ ব্যাংকে ঢোকান না। কারণ যখন তারা নিয়ে যাবেন তখন নানান বাধার সম্মুখীন হতে হয়। এখানে একটা সুবিধা হবে বিদেশীরা ব্যবসা করে যে লভ্যাংশ পাবেন, সেটা এখন ব্যাংকে রাখবেন। কারণ এখন ব্যাংকে টাকা রাখলেই লাভ দেয়া হচ্ছে। যেটা আন্তর্জাতিক মানের। সুতরাং এখানে বিদেশীরা বিনিয়োগে আগ্রহী হবেন।' অর্থনৈতিকভাবে লাভবান হওয়ার জন্যই এটি করা হচ্ছে বলে জানান হোসেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

বিভিন্ন ব্যাংকের ঊর্ধ্বতন কর্মকর্তারা জানান, অফশোর ব্যাংকিং-এর আওতায় ইন্টারন্যাশনাল বিজনেস অ্যাকাউন্ট খুলতে হয়। অনাবাসী বাংলাদেশীরা বিদেশ থেকে যখন দেশে থাকা অফশোর ব্যাংকিং-এর অ্যাকাউন্টে বৈদেশিক মুদ্রা পাঠাবে, তখন সেই মুদ্রাতেই লেনদেন করবে। এছাড়া এ ধরনের অ্যাকাউন্টধারীদের সরকার প্রচুর ট্যাক্স বেনিফিট দিয়ে থাকে। ঊর্ধ্বতন ব্যাংক কর্মকর্তারা জানান, কোনো অনাবাসী ব্যক্তি বা কোম্পানি যখন বাংলাদেশের অফশোর অ্যাকাউন্টে বিদেশী মুদ্রা পাঠাবে তখন সে নিজের প্রয়োজনে এই অর্থ নিতে পারবে। পরিবারের প্রয়োজনে ব্যবহার করতে পারবে। আবার টাকায় এনক্যাশ করে শেয়ার বা বন্ড কিনতে পারবে।

মূলত বাংলাদেশে বৈদেশিক মুদ্রার প্রবাহ বাড়ানো, রিজার্ভ সঙ্কট, এলসি খোলার সঙ্কট সমাধানে এই অফশোর ব্যাংকিং এর নতুন আইন কাজ করবে বলে মনে করছেন ঊর্ধ্বতন ব্যাংক কর্মকর্তারা।

**লেখক:** জান্নাতুল তানভী।

**সূত্র:** বিবিসি নিউজ বাংলা।

## ৪. পাকিস্তান, ভারত ও শ্রীলংকার তুলনায় কেমন বাংলাদেশের

আইএমএফের হিসাব মোতাবেক এরই মধ্যে বাংলাদেশ পাকিস্তান ও ভারতকে মাথাপিছু জিএনআইয়ের দিক থেকে ছাড়িয়ে যেতে সমর্থ হয়েছে, যদিও ভারতের জনগণের জীবনযাত্রার মান এখনো বাংলাদেশের জনগণের জীবনযাত্রার মানের চেয়ে বেশ খানিকটা ভালো। জাতিসংঘের মানব উন্নয়ন সূচকের বিশ্ব র‍্যাংকিংয়ে পাকিস্তানের অবস্থান প্রতি বছর নিচে নেমে যাচ্ছে। ২০২৩ সালে বাংলাদেশ যেখানে এক্ষেত্রে ক্রমোন্নতির ধারায় ১২৯ নম্বর অবস্থানে উন্নীত হয়েছে, সেখানে পাকিস্তানের অবস্থান নেমে গেছে ১৬১ নম্বরে, ভারতের অবস্থান ১৩৪ নম্বরে। ১৯৪৭-৭১ পর্বে পূর্ব বাংলা বা পূর্ব পাকিস্তানকে অভ্যন্তরীণ উপনিবেশ হিসেবে শোষণ, বঞ্চনা, সীমাহীন বৈষম্য ও লুণ্ঠনের অসহায় শিকারে পরিণত করেছিল পাকিস্তানের শাসকরা, যার পরিণতিতে ১৯৭১ সালে বাংলাদেশের জনগণের মাথাপিছু জিডিপি পশ্চিম পাকিস্তানের চেয়ে ৭০ শতাংশ কম ছিল। ২০১৫ সালেই বাংলাদেশ পাকিস্তানকে মাথাপিছু জিডিপির হিসাবে পেছনে ফেলে এসেছে। ২০২৪ সালে বাংলাদেশ ও পাকিস্তানের তুলনাটা দেখুন:

১) মাথাপিছু জিডিপিতে বাংলাদেশ পাকিস্তানের তুলনায় ৭০ শতাংশ এগিয়ে গেছে।

২) বাংলাদেশের রফতানি আয় পাকিস্তানের চেয়ে ২০ বিলিয়ন ডলার বেশি, ২০২২-২৩ অর্থবছরে তা ছিল ৫৫ দশমিক ৫৬ বিলিয়ন ডলার।

৩) বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ২০২৪ সালের মে মাসে আইএমএফের হিসাব পদ্ধতি মোতাবেক ১৮ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে, যেটা পাকিস্তানের দ্বিগুণেরও বেশি।

৪) বাংলাদেশের জনগণের গড় আয়ু ৭২ দশমিক ৪ বছর, পাকিস্তানের ৬৬ বছর।

৫) বাংলাদেশের জনগণের সাক্ষরতার হার ৭৬ শতাংশ, পাকিস্তানের ৫৯ শতাংশ।

৬) বাংলাদেশের মোট জিডিপি ৪৬০ বিলিয়ন ডলার, পাকিস্তানের ৩৪৬ বিলিয়ন ডলার।

৭) বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার ১ দশমিক ১২ শতাংশ, পাকিস্তানের ২ দশমিক ১ শতাংশ। ফলে পাকিস্তানের জনসংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৪ কোটিতে আর বাংলাদেশের জনসংখ্যা ১৭ কোটির সামান্য বেশি।

৮) বাংলাদেশের ১১৭ টাকায় ১ ডলার পাওয়া যায়, পাকিস্তানে ১ ডলার কিনতে ২৫০ রুপি লাগে। অথচ ২০০৭ সাল পর্যন্ত রুপির বৈদেশিক মান টাকার তুলনায় ৮ শতাংশ, বেশি ছিল।

৯) বাংলাদেশের মোট বৈদেশিক ঋণ জিডিপির ২৩ শতাংশ অথচ পাকিস্তানে তা জিডিপির ৪৬ শতাংশ।

১০) বাংলাদেশের নারীদের ৪১ শতাংশ বাড়ির আঙিনার বাইরে কর্মরত, পাকিস্তানে এ অনুপাত মাত্র ১৪ শতাংশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

১১) বাংলাদেশে শিশুমৃত্যুর হার হাজারে ২১, পাকিস্তানে ৫৯।

১২) বাংলাদেশের শতভাগ জনগণ বিদ্যুৎ সুবিধার আওতায় এসেছে, অথচ পাকিস্তানের ৭৩ শতাংশ মানুষ বিদ্যুৎ পাচ্ছে।

ওপরের তথ্য-উপাত্তগুলো সাক্ষ্য দিচ্ছে, পাকিস্তান অর্থনৈতিক উন্নয়নের দৌড়ে আর বাংলাদেশের নাগাল পাবে না। এ অবস্থার স্বীকৃতি মিলেছে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের মন্তব্যে। তিনি বলেছেন, 'বাংলাদেশের অগ্রগতি দেখে আমাদের লজ্জা হয়। আমরা যখন ছোট ছিলাম তখন আমাদের বলা হতো পূর্ব পাকিস্তান পশ্চিম পাকিস্তানের জন্য বোঝা। এখন ওই বোঝা কোথায় পৌঁছেছে আর আমরা কোথায়।

অন্যদিকে আইএমএফের 'ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক' ২০২০-এর প্রক্ষেপণ মোতাবেক ওই বছরের ডিসেম্বর নাগাদ মাথাপিছু নমিনাল জিডিপির হিসাবে বাংলাদেশ ভারতকেও টপকে গেছে। মহামারীর আঘাতে ভারতীয় অর্থনীতি ১০ দশমিক ৩ শতাংশ সংকুচিত হয়ে সে দেশের মাথাপিছু নমিনাল জিডিপি ২০১৯ সালের ২ হাজার ১০০ ডলার থেকে ১ হাজার ৮৭৭ ডলারে নেমে গিয়েছিল। অন্যদিকে বাংলাদেশের অর্থনীতি মহামারীর আঘাতে ক্ষতিগ্রস্ত হলেও দ্রুত ক্ষতি কাটিয়ে উঠে ২০২০ সালের ডিসেম্বরে বাংলাদেশ ৩ দশমিক ৮ শতাংশ জিডিপি প্রবৃদ্ধি অর্জন করে মাথাপিছু জিডিপিকে ১ হাজার ৮৮৮ ডলারে নিয়ে গেছে বলে জানিয়েছে আইএমএফ। ২০২৩ সালের জুনে বাংলাদেশীদের মাথাপিছু জিএনআই ২ হাজার ৭৬৫ ডলারে এবং ২০২৪ সালের মে মাসে ২ হাজার ৭৮৪ ডলারে পৌঁছেছে বলে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো তথ্য প্রকাশ করেছে। এ দাবি সত্য হলে এখনো বাংলাদেশের জনগণের মাথাপিছু জিএনআই ভারতীয়দের চেয়ে বেশি রয়ে গেছে। (অবশ্য গত অর্থবছরে ভারতের জিডিপি প্রবৃদ্ধির হার বাংলাদেশের চেয়ে বেশি ছিল)। পারচেজিং পাওয়ার প্যারিটি (পিপিপি) ভিত্তিতে ২০২২ সালে ভারতের প্রাক্কলিত মাথাপিছু জিএনআই ছিল ৮ হাজার ২১০ পিপিপি ডলার আর বাংলাদেশের ৬ হাজার ৮৯০ পিপিপি ডলার। এর মানে, ভারতে বেশির ভাগ পণ্য ও সেবার দাম বাংলাদেশের চেয়ে কম হওয়ায় ভারতের জনগণের জীবনযাত্রার মান বাংলাদেশের জনগণের জীবনযাত্রার মানের চেয়ে উঁচু। প্রথমেই 'পারচেজিং পাওয়ার প্যারিটি' বা 'ক্রয়ক্ষমতার সমতা' ব্যাপারটি ব্যাখ্যা করছি। বিশ্বের দেশে দেশে যেহেতু বিভিন্ন পণ্য ও সেবার দাম কমবেশি হয় সেজন্য বিভিন্ন দেশের জনগণের জীবনযাত্রার মানকে তুলনীয় করার জন্য 'পারচেজিং পাওয়ার প্যারিটি' পদ্ধতি প্রয়োগের মাধ্যমে নমিনাল জিডিপিকে 'পিপিপি ডলারে জিডিপি' তে রূপান্তর করা হয়। এটা একটা যুগান্তকারী গবেষণার ফসল, কিন্তু পদ্ধতিটি বেশ টেকনিক্যাল হওয়ায় সাধারণ পাঠকদের কাছে বিষয়টি জটিল মনে হবে (কম্পিউটার প্রযুক্তি বিপ্লবের কারণেই পদ্ধতিটির প্রয়োগ সম্ভব হয়েছে)। এ পদ্ধতিতে মার্কিন যুক্তরাষ্ট্রের কয়েকশ পণ্য ও সেবার দামকে তুলনার একক হিসেবে ব্যবহার করে অন্যান্য দেশে একই পণ্য ও সেবাগুলোর দাম কতখানি বেশি বা কম তার তথ্য-উপাত্ত ব্যবহারের মাধ্যমে প্রতিটি দেশের মুদ্রার অভ্যন্তরীণ ক্রয়ক্ষমতাকে মার্কিন ডলারের ক্রয়ক্ষমতার তুলনীয় পর্যায়ে নিয়ে আসা হয় (অবশ্য এ পণ্যগুলোর বিরাট অংশ একটি উন্নয়নশীল দেশের ভোক্তাদের কাছে গুরুত্বপূর্ণ নাও হতে পারে)। ফলে যেসব দেশে পণ্য ও সেবার দাম মার্কিন যুক্তরাষ্ট্রের চেয়ে বেশি সে দেশগুলোর মাথাপিছু জিডিপিকে কমিয়ে আনা হয় এবং যেসব দেশে পণ্য ও সেবার দাম মার্কিন যুক্তরাষ্ট্রের চেয়ে কম সে দেশগুলোর মাথাপিছু জিডিপিকে বাড়িয়ে দেয়া হয়। সাধারণভাবে যেসব দেশের মাথাপিছু জিডিপি কম সেসব দেশে অধিকাংশ পণ্য ও সেবার দামও তুলনামূলকভাবে কম হয়, এক্ষেত্রে ভারত ও বাংলাদেশের ব্যাপারটা অনেকখানি ব্যতিক্রম। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদিসহ বেশির ভাগ পণ্য ও সেবার দাম বাংলাদেশে ভারতের চেয়ে বেশি। খাদ্যদ্রব্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও স্বাস্থ্যসেবা—যেগুলোকে 'মৌল প্রয়োজন' বলা হয় সেগুলোর সঙ্গে সংশ্লিষ্ট প্রায় সব পণ্য ও সেবার দাম বাংলাদেশে ভারতের চেয়ে বেশি। উদাহরণ: ১. চাল, আটা, ময়দা, মসলাপাতি, তরিতরকারি, ডাল, মুরগি, ডিম, দুধ, মাখন সবই ভারতে বাংলাদেশের চেয়ে সস্তা; ২. শার্ট, ট্রাউজার, জিন্স, টি-শার্ট ও জুতো-স্যান্ডেল ছাড়া নারী-পুরুষ-কিশোর-কিশোরী-শিশুর কাপড়-চোপড় ভারতে বাংলাদেশের চেয়ে সস্তা; ৩. ভারতে কম্পিউটারসহ অধিকাংশ ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক সামগ্রীর দাম বাংলাদেশের চেয়ে কম, মোবাইল টেলিফোন কল অবশ্য বাংলাদেশে সস্তা; ৪. ভারতে বিদেশী গাড়ি খুব বেশি ব্র্যান্ডের পাওয়া না গেলেও ভারতে উৎপাদিত গাড়ির দাম বাংলাদেশে আমদানি করা গাড়ির তুলনায় অনেক কম; ৫. ভারতের বেশির ভাগ শহরে এবং

গ্রামে জমিজমার দাম বাংলাদেশের চেয়ে কম; ৬. ভারতের ‘সেভেন সিস্টার্স’ রাজ্যগুলো ব্যতীত অন্যত্র অধিকাংশ নির্মাণসামগ্রীর দাম বাংলাদেশের চেয়ে কম, তাই অ্যাপার্টমেন্ট বা পাকা বাড়ির দাম এবং নির্মাণ খরচও কম; ৭. ভারতের শিক্ষা খরচ প্রাইমারি থেকে উচ্চতম লেভেল পর্যন্ত সরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় বাংলাদেশের কাছাকাছি হলেও প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় শিক্ষা খরচ বাংলাদেশে ভারতের চেয়ে বেশি; ৮. স্বাস্থ্যসেবা ও চিকিৎসা খরচ ভারতে বাংলাদেশের তুলনীয় পর্যায়ে হলেও এসব সেবার মান ভারতে উন্নততর; এবং ৯. ভারতে বাস, ট্রেন, ট্যাক্সি ও প্লেনের ভাড়া বাংলাদেশের তুলনায় কম। সাম্প্রতিক তথ্য-উপাত্ত বলছে, ভারতে মূল্যস্ফীতির হার ৪ শতাংশে নেমে এসেছে। অথচ বাংলাদেশে এখনো সরকারি হিসাব মোতাবেক মূল্যস্ফীতির হার ৯ দশমিক ৬ শতাংশ। সাধারণ জনগণের দৈনন্দিন অভিজ্ঞতা সাক্ষ্য দিচ্ছে যে, মূল্যস্ফীতির হার বাংলাদেশে প্রকৃতপক্ষে আরো অনেক বেশি হবে। সেজন্যই বলছি, ভারতের জনগণের জীবনযাত্রার মান বাংলাদেশের চেয়ে নিশ্চয়ই ভালো রয়েছে।

২০২২ সালে শ্রীলংকার মাথাপিছু জিএনআই নমিনাল ডলারে ছিল ৩ হাজার ৬১০ ডলার এবং পারচেজিং পাওয়ার প্যারিটি পদ্ধতিতে ছিল ১৪ হাজার ৩০ পিপিপি ডলার। জাতিসংঘের মানব উন্নয়ন সূচকে শ্রীলংকার অবস্থান ৭৬ নম্বরে। যদিও ২০২১ সালে শ্রীলংকার অর্থনীতি মারাত্মক মেল্টডাউনের শিকার হয়েছিল, তবু এর প্রভাবে সে দেশের জনগণের জীবনযাত্রার মানে কতখানি বিপর্যয় ঘটেছে তার সর্বশেষ হিসাব আমরা পাইনি। ২০২২ সালে মাথাপিছু জিএনআই ৪ হাজার ডলার থেকে কমে যাওয়ায় তার কিছুটা আলামত মিলেছে। বিভিন্ন তথ্য-উপাত্ত থেকে জানা যাচ্ছে যে ২০২৪ সালে শ্রীলংকার অর্থনীতি বিপর্যয় অনেকখানি কাটিয়ে উঠেছে। শ্রীলংকায় এখন মূল্যস্ফীতির হার নাকি ৫ শতাংশের নিচে নেমে এসেছে। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির দামও নাকি আবার সাধারণ জনগণের নাগালে চলে এসেছে। তাদের পর্যটন শিল্প আবার আগের অবস্থায় ফিরে যেতে সক্ষম হয়েছে বলে দাবি করা হচ্ছে। প্রবাসীদের রেমিট্যান্স প্রবাহে যে ধস নেমেছিল তাও নাকি প্রায় কাটিয়ে ওঠা গেছে। তবু সর্বশেষ হিসাবে শ্রীলংকার মাথাপিছু জিএনআই বর্তমানে আবার ৪ হাজার নমিনাল ডলারে ফিরে যেতে পেরেছে কিনা জানা যায়নি। তবু বলতে হবে অর্থনৈতিক মেল্টডাউনের সাময়িক বিপর্যয় সত্ত্বেও শ্রীলংকার জনগণের জীবনযাত্রার মান হয়তো ২০২৪ সালে ভারত ও বাংলাদেশের জনগণের জীবনযাত্রার মানের চেয়ে ভালো রয়ে গেছে। শ্রীলংকার শতভাগ জনগণ শিক্ষিত, ফলে শ্রীলংকায় দক্ষ জনশক্তির অনুপাত ভারত ও বাংলাদেশের চেয়ে বেশি। ওখানকার স্বাস্থ্য ব্যবস্থাও শতভাগ জনগণের সাধ্যের মধ্যে রয়েছে বলে মনে করা হয়। শ্রীলংকার পরিবহন ব্যবস্থাও বাংলাদেশের তুলনায় ব্যয়সাশ্রয়ী। ওখানে শহর ও গ্রামের জনগণের জীবনযাত্রার মানের ব্যবধান খুব বেশি নয়। রাজধানী কলম্বোর জনসংখ্যা ৫৬ লাখের মতো, অথচ ১৯৭২ সালে কলম্বো ঢাকার চেয়ে জনসংখ্যার দিক থেকে বড় নগর ছিল। কিন্তু অত্যন্ত পরিকল্পিতভাবে শ্রীলংকার শাসকরা কলম্বোর জনসংখ্যাকে দ্রুত বাড়তে দেয়নি। অর্থনৈতিক উন্নয়নের সুফল সারা দেশে ছড়িয়ে দেয়ার মাধ্যমে দেশের অন্যান্য শহরে ও গ্রামে উন্নয়নের সুফল পৌঁছে দেয়ার ফলে এখন শহর ও গ্রামের জনগণের জীবনযাত্রার মানের পার্থক্য ওখানে তেমন বাড়তে পারেনি। ১৯৮২ সাল থেকে তিন দশক ধরে মারাত্মক গৃহযুদ্ধের কবলে না পড়লে শ্রীলংকা সিঙ্গাপুর, তাইওয়ান, দক্ষিণ কোরিয়া ও হংকংয়ের পর পঞ্চম ‘এশিয়ান টাইগার’ হয়ে উঠত বলে ধারণা করা হয়। ২০২৪ সাল থেকে শ্রীলংকা আবার উচ্চ প্রবৃদ্ধির দেশ হয়ে উঠবে বলে আমার ধারণা। অতএব এখন বাংলাদেশের লক্ষ্য হওয়া উচিত মাথাপিছু জিএনআইয়ের দিক থেকে আগামী কয়েক বছরে শ্রীলংকাকে ছুঁয়ে ফেলা। দুর্নীতি, পুঁজি লুণ্ঠন ও পুঁজি পাচারের বিরুদ্ধে কঠোর অবস্থান গ্রহণ করতে পারলে বাংলাদেশের জন্য এ টার্গেট অর্জন দুঃসাধ্য হবে না।

**লেখক:** ড. মইনুল ইসলাম: সাবেক সভাপতি, বাংলাদেশ অর্থনীতি সমিতি, একুশে পদকপ্রাপ্ত অর্থনীতিবিদ ও অবসরপ্রাপ্ত অধ্যাপক, অর্থনীতি বিভাগ।

**সূত্র:** বণিক বার্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কপিরাইট আইন দ্বারা সংরক্ষিত।
Live Written™ অ্যাপ, সাইট কিংবা লেকচার কোন অংশ নকল করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
© CrackTech

## ৫. ব্যাংকিং খাতে অস্থিরতা ও বাজেট

বাংলাদেশের ব্যাংক খাতের প্রতি মানুষের আস্থাহীনতা অনেকটা চরমে পৌঁছেছে। নানা অনিয়ম-দুর্নীতিতে নিমজ্জিত ব্যাংক-বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানগুলোর প্রতি মানুষের ইতিবাচক কোনো ধারণা নেই বললেই চলে। খেলাপিঋণ, তারল্য সংকট, অর্থপাচার এবং মালিক ও কর্মকর্তাদের অনিয়ম এখন জাতীয় অর্থনীতির জন্য বিষফোড়াসদৃশ। দেশের ব্যাংক খাতে তারল্য সংকট কতটা প্রকট তার নমুনা দেখা গেছে মৌলভীবাজার জেলায়। মাত্র ১০-২০ হাজার টাকা তোলার জন্য দিনের পর দিন ধরনা দিলেও গ্রাহককে তা সরবরাহ করতে পারেনি বেসরকারি একটি ব্যাংক। ব্যাংকসহ আর্থিক খাতের এমন দুরবস্থা একদিনে হয়নি। বাংলাদেশের অর্থনীতি এখন বেশ চাপের মুখে আছে। তার ওপর আর্থিক খাতের এমনতর অস্থিরতা দিন দিন ঘনীভূত হচ্ছে। আর এসবের মাঝেই দেশে ২০২৪-২৫ অর্থবছরের বাজেট ঘোষণার সময় ঘনিয়ে এসেছে। অর্থনীতি বিশ্লেষকরা বলছেন, আর্থিক খাতের শৃঙ্খলা ফেরাতে বিগত অর্থবছরের বাজেটগুলোতে নেওয়া অনেক পরিকল্পনা বাস্তবায়ন পর্যায়ে গিয়ে 'কাগুজে বাঘে' পরিণত হতে দেখা গেছে। তাই আসন্ন বাজেটে এ বিষয়ে স্পষ্ট দিকনির্দেশনা থাকতে হবে।

তা-না হলে দিন দিন বিপজ্জনক পথের দিকে ধাবিত হওয়া বাংলাদেশের ঋণ পরিস্থিতি জাতীয় অর্থনীতিতে বড় ধরনের বিপর্যয় বয়ে আনবে। আসন্ন বাজেট ঘোষণা একটি দিনের কয়েকটি ঘণ্টার মধ্যেই সম্পন্ন হলেও এর প্রণয়ন প্রক্রিয়া বেশ কয়েক মাস ধরেই চলে। ফলে, বলা যায় ২০২৪-২৫ অর্থবছরের অনেকটা প্রণীত হয়ে গেছে। এ অবস্থায় সরকারকে কোনো পরামর্শ দিয়ে কোনো কাজ হবে কি-না, তা নিয়ে কারও কারও মনে জাগতে পারে। তবে মনে রাখা প্রয়োজন, অর্থমন্ত্রী মহোদয় যে বাজেট ঘোষণা করতে যাচ্ছেন, তা আসলে খসড়া বাজেট। জাতীয় সংসদে দীর্ঘ আলাপ-আলোচনার পরই কেবল তা অনুমোদন পায়। এ অবস্থায় কিছু পরামর্শ আমাদের নীতিনির্ধারকদের উদ্দেশে দেওয়াই যায়।

